

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd



ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

২৫ কার্তিক ১৪২৯

তারিখঃ

১০ নভেম্বর ২০২২

প্রিয় মহোদয়,

ভার্চুয়াল সম্পদ (Virtual asset) ও ভার্চুয়াল মুদ্রা (Virtual Currency) লেনদেন

এবং তাদের বিনিয়য়/স্থানান্তর/বাণিজ্য (Exchange/Transfer/Trading) সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং-২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন বিদেশী Virtual Asset Service Provider (VASP) তাদের ওয়েবসাইট/অ্যাপের মাধ্যমে বাংলাদেশে কার্যরত কোন কোন তফসিলি ব্যাংকের গ্রাহক একাউন্ট ও MFS একাউন্ট ব্যবহার করে Virtual currency/Crypto currency, Foreign currency ইত্যাদির লেনদেন, ত্রয়-বিক্রয়, পুনঃবিক্রয়, P2P বিনিয়য়/স্থানান্তর/বাণিজ্য কার্যক্রম পরিচালনা করছে। ভার্চুয়াল সম্পদ (Virtual Asset) ও ভার্চুয়াল মুদ্রা (Virtual Currency) লেনদেন এবং তাদের বিনিয়য়/স্থানান্তর/বাণিজ্যের (Exchange/Transfer/Trading) সাথে যুক্ত ব্যবসা ও এ সংক্রান্ত যে কোন ধরনের কার্যক্রমে সহায়তা প্রদান হতে বিরত থাকার জন্য সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং বৈদেশিক মুদ্রা লেনদেনের সাথে সম্পৃক্ত স্টেকহোল্ডারদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক জারিকৃত এফই সার্কুলার নং-২৪, তারিখঃ ১৫/০৯/২০২২-এ প্রদত্ত নির্দেশনা আপনাদের প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় এবং শাখাসমূহের দর্শনীয় স্থানে জনসাধারণের বোধগম্য করে প্রদর্শন, প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করাসহ আপনাদের যে কোন ট্রেনিং প্রোগ্রামে প্রশিক্ষণার্থীদেরকে সার্কুলারটির বিষয়বস্তু অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৪। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮